দর্শনায় বীর মুক্তিযোদ্ধা বাবলুর রাষ্টীয় মর্যাদায় দাফন

দর্শনা মেমনগরে আব্দুর রাজ্জাক বাবলু (৭০) নামের এক বীর মুক্তিযোদ্ধা ইন্তেকাল করেছেন। সোমবার ভোরে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি…….. রাজিউন)।

মৃত্যুকাল তিনি স্ত্রী, ১ ছেলে ও ২ মেয়ে সহ অসংখ্য শুভাকাংঙ্খি রেখে গেছেন। গতকাল সোমবার বিকালে ঢাকা থেকে আনা হয় দর্শনা মেমনগরের নিজ বাসভবনে।

বিকালে বাদ আছর মেমনগর স্কুল মাঠে বাবলুর লাশের গার্ড অব অনার প্রদান করে চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একটি চৌকস পুলিশ দল। গার্ড অব অনার গ্রহন করেন দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ।

এসময় উপস্থিত ছিলেন, জেলা আ.লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, তমছের আলী, জাহাঙ্গীর আলম, দর্শনা থানার এসআই শামীম হাসান প্রমুখ।

জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন কার্য সম্পন্ন করা হয়েছে।

কুষ্টিয়ায় বসুন্ধরা সিমেন্ট সেক্টরের ইফতার মাহফিল

দেশের বৃহত্তম শিল্পগোষ্ঠী বসুন্ধরা গ্রুপের সিমেন্ট সেক্টরের উদ্যোগে কুষ্টিয়ায় ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার কুষ্টিয়া পৌরসভা অডিটোরিয়ামে এ আয়োজন করা হয়।

ইফতার ও দোয়া মাহফিলে স্থানীয় ডিলার, রিটেইলার ও প্রকৌশলীসহ ৪০০ জন অতিথি অংশ নেন। এতে উপস্থিত ছিলেন সিমেন্ট সেক্টরের জেনারেল ম্যানেজার (সেলস) আব্দুল লতিফ এবং বসুন্ধরা সিমেন্টের ডেপুটি জেনারেল ম্যানেজার (সেলস) পলাশ আক্তার, কিং ব্র্যান্ড সিমেন্টের এ জি এম (সাউথ উইং) জিয়াউর রহমান, বসুন্ধরা সিমেন্টের ডিভিশনাল সেলস্ ম্যানেজার (কুষ্টিয়া ডিভিশন) জাফরুল ইসলাম, বীর সিমেন্টের ডিভিশনাল সেলস ম্যানেজার সুমন চন্দ্র কর, বিএম এন্টাপ্রাইজের পরিচালক আকরাম হোসেন বাবু এবং বসুন্ধরা সিমেন্টের এক্সিকিউটিভ (ব্রান্ড) শাহ শরীফ মাহমুদসহ সেক্টরের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মাহফিলে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন মাওলানা মনোয়ার হোসাইন। পরে মাহে রমজান উপলক্ষে আমন্ত্রিত অতিথিদের সম্মানে প্রীতিভোজের আয়োজন করা হয়।

কুষ্টিয়ায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ

কুষ্টিয়ায় কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। সোমবার সকালে উপজেলা কৃষি অফিস চত্বরে কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার, জনাব সাধন কুমার বিশ্বাসের সভাপতিত্বে উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ সৌতম কুমার শীল, কৃষি সম্প্রসারণ অফিসার মোঃ মশিউর রহমান, মোঃ আব্দুল মতিনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ সৌতম কুমার শীল জানান, কুষ্টিয়া সদর উপজেলায় চলতি খরিপ-১/২০২১-২২ অর্থবছরে আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর আওতায় উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও

পৌরসভার ক্ষুদ্র ও প্রান্তিক ২ হাজার ৮৮০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে।

নীতিমালা অনুসারে ১ বিঘা আউশ ধান আবাদের জন্য প্রতি কৃষক ৫ কেজি বীজ, ২০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি দেওয়া হয়।এছাড়াও তিনজন চাষীকে কম্বাইন্ড হারভেষ্টার মেশিন বিতরন করা হয়।

খুলনা রেঞ্জের আবারো শ্রেষ্ঠ চুয়াডাঙ্গা জেলা পুলিশ

খুলনা রেঞ্জের আবারো শ্রেষ্ঠ চুয়াডাঙ্গা জেলা পুলিশ। সোমবার বেলা সাড়ে দশটার সময় খুলনা রেঞ্জ ডিআইজি’র কার্যালয়ের কনফারেন্স রুমে মাসিক অপরাধ পর্যালোচনা সভায় তদন্ত ও অপরাধ দমন কর্মকান্ড পর্যালোচনায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ রেঞ্জের শ্রেষ্ঠ জেলা মনোনিত করা হয়।

খুলনা রেঞ্জের রেঞ্জ ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন, বিপিএম (বার) নিকট হতে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম শ্রেষ্ঠ জেলার পুরস্কার লাভ করেন।

এ সময় পুলিশ সুপার রেঞ্জ ডিআইজি নিকট থেকে শ্রেষ্ঠ জেলার স্বীকৃতি পেয়ে ইন্সপেক্টর জেনারেল ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার), খুলনা রেঞ্জ ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন, বিপিএম (বার), চুয়াডাঙ্গা জেলার সকল পদমর্যাদার অফিসার-ফোর্সদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। জেলার আইন-শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন তিনি।

উল্লেখ্য চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গায় জেলায় যোগদান করে চাঞ্চল্যকর মামলার রহস্য উদঘাটন, মাদক উদ্ধার, চোরাচালান প্রতিরোধ, ওয়ারেন্ট তামিল, মামলা নিস্পত্তি, সিআইএমএস, করোনাকালীন সময়ে অসহায়, দুস্থ্য, কর্মহীন মানুষের বাড়ি বাড়ি খাদ্য সামগ্রী ও ঔষধ পৌছানো, শীতার্তদের মাঝে

শীতবস্ত্র প্রদান, এতিম শিশুদের ঈদের জামা উপহার, কন্যা সন্তান জন্মগ্রহণ করলেই পৌছে যাবে পুরস্কার, ভাঙ্গা সংসার জোড়া, খাদ্য যাবে বাড়ি, ইভটিজিং, কিশোরগ্যাং, বাল্য বিবাহ প্রতিরোধসহ সামাজিক, মানবিক ও উৎসাহমূলক কার্যক্রমে ভূমিকা রেখে চলেছেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন স্থাপনাসমূহে উন্নয়নের ছোঁয়া দৃশ্যমান। ইতোপূর্বে সেপ্টেম্বর/২০২১ মাসে শ্রেষ্ঠ জেলা এবং নভেম্বর/২০১৯ মাসের মাসিক কনফারেন্সে জেলার আইন-শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতিতে বিশেষ অবদান রাখায় খুলনা রেঞ্জের ১০টি জেলার মধ্যে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ পুলিশ সুপারের কৃতিত্ব অর্জন করেন।

মাসিক অপরাধ পর্যালোচনা সভায় আরোও উপস্থিত ছিলেন এ কে এম নাহিদুল ইসলাম, বিপিএম, অতিরিক্ত ডিআইজি (এ্যাডমিন এন্ড ফিন্যান্স), নজরুল ইসলাম, বিপিএম, পিপিএম, অতিরিক্ত ডিআইজি (অপারেশনস্ এন্ড ক্রাইম), খুলনা রেঞ্জ ও রেঞ্জ কার্যালয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগন, খুলনা রেঞ্জের ১০টি জেলার পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপারগন, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার সমূহের কমান্ড্যান্টবৃন্দ।

গাংনীতে অজ্ঞান পার্টির খপ্পরে যুবক হাসাপাতালে ভর্তি

মেহেরপুরের গাংনীতে ব্যাংক থেকে টাকা উত্তোলন করে বাড়ি ফেরার পথে অজ্ঞান পার্টির খপ্পরে পড়েছে আশিক(২৯) নামের এক যুবক।

আশিক অজ্ঞান অবস্থায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। সে গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের বরকত আলীর ছেলে। সোমবার বিকেলে গাংনী বাসস্ট্যান্ডে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সোমবার বিকেলে মেহেরপুরের একটি ব্যাক থেকে ২ লাখ ৫০ হাজার টাকা নিয়ে বাস যোগে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে অজ্ঞান পার্টির সদস্যরা আশিকের নাকের সামনে রুমাল নাড়ানাড়ি করলে

আশিকের মাথা ঘুড়ে পড়ে যায়।

এসময় বাসের অন্যান্য যাত্রীরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। পরে পরিবারের লোকজন স্বাস্থ্য কমপ্লেক্সে এসে আশিকের পকেট থেকে ২ লাখ ৫০ হাজার টাকা উদ্ধার করে।

গাংনী থানার ওসি আব্দুৃর রাজ্জাক বলেন,বিষয়টি শুনেছি। হাসপাতালে পুলিশ পাঠানো হয়েছে। আশিকের জ্ঞান ফিরলে বিষয়টি জানা যাবে।

কুমারখালীতে ট্রেনে কাটা পড়ে বৃদ্ধের মৃত্যু

কুষ্টিয়ার কুমারখালীতে ট্রেনে কাঁটা পড়ে খাকছার আলী (৫৫) নামের এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। সোমবার বিকেলে কুষ্টিয়া-রাজবাড়ি রেললাইন সড়কের কুমারখালীর বাঁশআড়া এলাকায় এই দুর্ঘটনা ঘটেছে।

নিহত বৃদ্ধ ওই এলাকার মৃত অবেজ আলীর ছেলে। পরে খবর পেয়ে পোড়াদহ রেলওয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে এবং সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করে। তবে নিহতের ব্যক্তি মানসিক প্রতিবন্ধী বলে দাবি করেছেন স্বজনরা।

পুলিশ ও এলাকাবাসী সুত্রে জানা গেছে, বিকেলে রেললাইনে বসে বাতাস খাচ্ছিল বৃদ্ধ খাকছার আলী। এসময় কুমারখালী থেকে কুষ্টিয়াগামী নকশি কাঁথা মেইল ট্রেনের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে। এতে মাথায় আঘাত পেয়ে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

পোড়াদহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনজের আলী বলেন, রেললাইনে বসে বাতাস খাচ্ছিল বৃদ্ধ। এসময় ট্রেনের সাথে ধাক্কা লেগে তাঁর মৃত্যু হয়। মরদেহটি উদ্ধার করে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। তবে তিনি মানসিক প্রতিবন্ধী বলে জানা গেছে।

গাংনী উপজেলা আ.লীগের কমিটিকে রাজাকারমুক্ত করার দাবীতে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের কমিটিকে রাজাকার মুক্ত করার দাবীতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ‘রাজাকার, অনুপ্রবেশকারী ও হাইব্রিমুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদ’ নাম দিয়ে গাংনীর যুবলীগ, আওয়ামী লীগ, কৃষকলীগের কয়েকজন নেতা সংবাদ সম্মেলন করেছে।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সোমবার দুপুরে ওই পরিষদের আহবায়ক মো. ইসমাইল হোসেন (গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি) লিখিত বক্তব্য পাঠ করেন।

তিনি বলেন- ১৮ বছর পর গত ১০ এপ্রিল ত্রি-বার্ষিক সম্মেলনে কাউন্সিলরদের অভিযোগ পাশ কাটিয়ে গাংনী উপজেলা কমিটি গঠন করছেন বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক।

যার সভাপতি গাংনীর এমপি সাহিদুজ্জামান খোকন ও সম্পাদক মকলেছুর রহমান মুকুল উভয়ে রাজাকারপুত্র। বিএম মোজাম্মেল হক কাউন্সিলরদের অভিযোগ আমলে না নেয়াতে তারা সম্মেলন বয়কট করেন বলে দাবি করেন। সাহিদুজ্জামান খোকনের পিতা আব্দুল গনি বিশ্বাস ৭১ এ গণহত্যাকারী।

তার নিজ গ্রাম গাংনীর তেরাইল গ্রামে ৭১ সালে নস্কর শাহর মাথায় ঘাসের বোঝা চাপিয়ে গুলি করে নির্মমভাবে হত্যা করে। তার লাশ ছয়দিন পর্যন্ত দাফন করতে দেয়নি। গ্রামের ওমর শাহর বাড়িতে পাকসেনা লেলিয়ে দিয়ে তার স্ত্রীকে ধর্ষন করে।

এসময় ওমর আলী ধারালো অস্ত্র দিয়ে দুই পাকসেনাকে কুপিয়ে হত্যা করে। পাকসেনাদের গুলিতে আহত ওমর আলী ভারতে পালিয়ে গিয়ে মারা যায়। বিভিন্ন বাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটায়। মহাব্বতপুরের মুক্তিযোদ্ধা হবিবার রহমানের বাবাকে ধরে নিয়ে গিয়ে ১১দিন

নির্যাতন শেষে গুলি করে হত্যা করে।

নবগঠিত গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গাংনীর আড়পাড়া গ্রামের মকলেছুর রহমান মুকুলের পিতা আব্দুল মান্নানও কুখ্যাত রাজাকার। মান্নান ভাটপাড়া গ্রামের মুক্তিযোদ্ধা সাজদার ফকিরের বাড়িতেসহ গ্রামজুড়ে অগ্নিসংযোগ ও লুটপাঠ করে। স্বাধীনতা পরবর্তী সময়ে নির্যাতিত পরিবারগুলোসহ মুক্তিযোদ্ধারা পিটিয়ে হত্যা করে রাজাকার আব্দুল মান্নানকে।

নুন আনতে পান্তা ফুরানো সাহিদুজ্জামান খোকন গাংনী আসনে সংসদ সদস্য নির্বাচিত হবার পর বর্তমানে আলীশান বাড়ি তৈরী করেছেন দূর্নীতির টাকায়। লিখিত বক্তব্যে বলা হয়েছে-গাংনী উপজেলা আওয়ামী লীগ থেকে রাজাকারপুত্র মুক্ত কমিটি না হলে পরবর্তীতে কঠিন কর্মসূচি দেয়া হবে।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোসারফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম।

প্রসঙ্গে গাংনীর এমপি সাহিদুজ্জামান খোকন জানান-তিনি ছাত্রলীগের সাবেক সভাপতি, ১৮ বছর গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি। তার রাজনৈতিক কর্মকাণ্ডে মুগ্ধ হয়েই প্রধানমন্ত্রী তাকে নৌকা প্রতীক দেন। তিনি প্রধানমন্ত্রীকে গাংনী আসন উপহার দিয়েছেন।

গত ১০ এপ্রিল উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে শতভাগ কাউন্সিলরদের সমর্থনে সভাপতি নির্বাচিত হয়েছেন। মাদকাসক্ত, সুযোগ সন্ধানীরা দূর্নীতি করার সুযোগ না পাওয়াতে তার নামে অপপ্রচার করছেন।

তিনি আরও বলেন- সংবাদ সম্মেলন করা লিখনের দাদা সামসুল হক স্বাধীনতা বিরোধী মুসলিম লীগের লোক ছিলেন। নিকটাত্বীয়রা জামাতের রাজনীতির সাথে জড়িত। ইসমাইল হোসেন কয়েকবার মাদকসহ পুলিশের হাতে ধরা পড়েছে।

গত উপজেলা নির্বাচনে বিদ্রোহী প্রার্থী হিসেবে ওয়াসিম সাজ্জাদ লিখন মটর সাইকেল প্রতীক নিয়ে. মজিরুল ইসলাম কাপপিরিচ প্রতীক এবং ইসমাইল হোসেন আনারস প্রতীক নিয়ে বিদ্রোহী প্রার্থী হয়ে নির্বাচন করেছেন।

বাংলাদেশ আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী নৌকার বিরুদ্ধে প্রার্থী হলে দলের কোন পদে থাকতে পারবেনা। সেই হিসেবে সংবাদ সম্মেলন করা ওরা আওয়ামী লীগ কিম্বা অঙ্গসংগঠনের কোন সদস্য না।

ফিলিস্তিনিদের নিয়ে পোস্ট: মার্কিন সুপার মডেলের ইনস্টাগ্রাম বন্ধ

মার্কিন সুপার মডেল বেল্লা হাদিদ জানিয়েছেন, ফিলিস্তিনিদের ওপর ইসরাইলিদের বর্বরতা নিয়ে পোস্ট দেওয়ায় তার অ্যাকাউন্ট বন্ধ করে দিয়েছে সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রাম।

ফিলিস্তিন বংশোদ্ভূত এ সুপার মডেল বলেন, আমার যে কোনো পোস্ট ১০ লাখ ফলোয়ার দেখেন।

পবিত্র আল-আকসায় অবৈধ ইহুদি বসতকারী ও ইসরাইলি সেনারা ফিলিস্তিনিদের ওপর যে বর্বরোচিত হামলা চালিয়েছে তা নিয়ে একটি পোস্ট দেওয়ার সঙ্গে সঙ্গে আমার অ্যাকাউন্টটি ডিসঅ্যাবল হয়ে যায়। খবর আনাদোলুর।
ফ্যাশন ম্যাগাজিন হারপার্স বাজারকে দেওয়া এক সাক্ষাৎকারে সুপার মডেল বেল্লা হাদিদ তার ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট বন্ধের কথা জানান।

গত শুক্রবার জেরুজালেমে পবিত্র আল-আকসা মসজিদে মুসল্লিদের ওপর নির্বিচারে হামলা শুরু করে ইসরাইলি বাহিনী।এতে নারী-শিশুসহ শতাধিক ফিলিস্তিনি আহত হন এবং অসংখ্য নিরপরাধ মুসল্লিকে গ্রেফতার করে নিয়ে যায় ইসরাইলি পুলিশ।

রোববার ইসরাইলি বাহিনীর ছত্রছায়ায় আল-আকসায় প্রবেশ করে জেরুজালেমে অবৈধ ইহুদি বসতিগুলোর সাত শতাধিক বাসিন্দা। ১৯৬৭ সালে আরব-ইসরাইল যুদ্ধের পর পূর্ব জেরুজালেম দখল করে নেয় ইসরাইল। আল-আকসা পূর্ব জেরুজালেমে অবস্থিত। ১৯৮০ সালে দখলদার ইসরাইলিরা জেরুজালেম দখল করে নেয়।

যারা মুজিবনগর দিবস মানেনা, পালন করেনা তারা মুক্তিযুদ্ধের শক্তির পক্ষে নয় –আ ফ ম বাহাউদ্দীন নাসিম

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাসিম বলেছেন, জাতীর জনকের কাঙ্খিত স্বপ্ন একটি স্বাধীন সার্ভৌম রাষ্ট্র তার যৌক্তিতা তুলে তার স্বপক্ষে সারা বিশ্বের বিবেককে সংগঠিত করেছিল মুজিবনগর সরকার।

সে সময় ভারত বর্ষের জনগণের প্রধানমন্ত্রী আমাদের সাথে ছিল। তাদের সহযোগীতায় এই মুজিবনগরের বৈদ্যনাথ তলার আম্রকাননে শপথ অনুষ্ঠানটি সফলভাবে করা সম্ভব হয়েছিল। মুজিবনগর সরকার সারা বাংলাদেশের মানুষকে মুক্তিযুদ্ধে উৎসাহ উজ্জিবিত করেছে।

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে বৈদ্যনাথতলা আম্রকাননের শেখ হাসিনা মঞ্চে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে বাহাউদ্দীন নাসিম এসব এসব কথা বলেন।

তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সারা জীবন মুক্তির পক্ষে লড়াই সংগ্রাম করেছেন। ২৪ বছর পাকিস্থানী হানাদার বাহিনী, হানাদার বাহিনীর সমর্থক পাকিস্থানী সরকার, সামরিক সরকার, আয়ূব, ইয়াহিয়া এবং জিন্নার প্রেত্মাত্বাদের নিস্পেশন, নিপীড়ন ও শোষণের হাত থেকে বাঙালী জাতীকে ও বাংলাদেশকে মুক্ত করার জন্য লড়েছেন।
জাতীর পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার জন্য সেদিন বাংলার অভূক্ত পাগল জনতা জাতীর জনকের ২৬ মার্চের সেই ঐতিহাসিক স্বাধীনতা সংগ্রামের ঘোষণার আহবানে সাড়া দিয়েছিল।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক এমপি, অ্যাডভোকেট

আফজাল হোসেন, বাংলাদেশ আওয়ামী লীগের উপদফতর সম্পাদক সায়েম খান, কেন্দীয় আওয়ামী লীগের সদস্য পারভীন জামান কল্পনা এমপি, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য গ্লোরিয়া ঝর্ণা সরকার এমপি।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

প্রধান অতিথির বক্তব্যে বাহাউদ্দীন নাসিম আরো বলেন, অনেকেই মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি, স্বাধীনতার ঘোষক দাবী করেন। জাতীর পিতা বঙ্গবন্ধুকে ১৯৭৫ সালের ১৫ আগষ্ট পাকিস্থানী আইএসআই এর এজেন্টদের আন্তর্জাতিক ও দেশীয় চক্রান্তকারীদের সমন্বয়ে জাতীর পিতাকে হত্যা করে। জতির পিতাকে হত্যা করে বাংলাদেশের অস্তিত্ব, স্বাধীনতা ও সার্বোভৌমত্বকে বিপন্ন করে বাংলাদেশকে পুনরায় পাকিস্থানীর আদলে পাকিস্থানী বাংলাদেশ বানানোর চেষ্টা করা হয়েছিল। জাতির পিতাকে হত্যা করার পরে খুনি জিয়া ও মুস্তাক গঙরা নানাভাবে পাকিস্থানীদের পৃষ্টপোষকতায় পরামর্শে বাংলাদেশকে পাকিস্থানী বাংলাদেশ বানানোর চেষ্টা করে।

তিনি বলেন, ইতিহাস বিকৃত করে মুক্তিযুদ্ধের চেতনাকে ধ্বংশ করে। অসম্প্রদায়ীক, গণতান্ত্রিক বাংলাদেশ বিনির্মাণ একটি অসম্প্রদায়ীক ধর্মনিরপেক্ষ বাংলাদেশ বিনির্মাণের জন্য ত্রিশ লক্ষ শহীদ তাদের জীবন দিয়েছেন। স্বাধীনতা বিরোধী অপশক্তিরা সেদিন জাতির পিতাকে হত্যা করার মধ্য দিয়ে বাংলাদেশ নামক স্বাধীন সার্বভৌম এই ভূ’খন্ডটিকে পাকিস্থনী তাবেদারদের হাতে তুলে দেওয়ার চক্রান্ত করেছিল। শেখ হাসিনা বাংলাদেশের রাজনীতিতে আগমনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের চেতনার এবং সকল প্রগতিশীল শক্তিকে ঐক্যবদ্ধ করে দীর্ঘ লড়াই সংগ্রামের মধ্য দিয়ে ঐ পাকিস্থানী প্রেত্মত্বা জিয়া এবং বিএনপি জামায়াতীদের মোকাবেলা করে মুক্তিযুদ্ধের চেতনায় এই বাংলাদেশকে আবারো ঘুরিয়ে এনেছে।

শেখ হাসিনার নেতৃত্বে একটি প্রগতিশীল ও উন্নয়নশীল রাষ্ট্রে পরিণত হয়েছে। এই উন্নয়নশীল রাষ্ট্র যার প্রবৃদ্ধি গ্রথ অর্থনীতিক ভিত্তি অনেক শক্তিশালী। বিএনপি বাংলাদেশকে শ্রীলংকার মত দেওলিয়া বাংলাদেশ দেখতে চাই।

তারা আজ দেশের উন্নয়নে অপপ্রচার ও মিথ্যাচার করে বাংলাদেশকে ব্যার্থ করতে চাই। মুক্তিযুদ্ধের চেতনার সরকারকে তারা যে কোনোভাবে বিদায় করে পট পরিবর্তন করে পুনরায় সাম্প্রদায়ীক ও ধর্মান্ধ শক্তিদের রাজনৈতিকভাবে অপব্যবহার করে পট পরিবর্তন করে দেশের শাসনভাব হাতে নিতে চাই।

তিনি বলেন, দূর্ণীতিবাজ লুটেরারা, সাম্প্রদায়ীক শক্তি যারা বার বার বাংলাদেশের মুক্তিযুদ্ধের চেতনার উপরে আঘাঁত হানতে চাই শান্তিপ্রিয় ও শান্তি সম্পৃতির বাংলাদেশের সম্পৃতি বিনষ্ট করে জণগণের ভিতরে বিভক্তি সৃষ্টি করতে চাই। সেই অপরাজনীতির বিরুদ্ধে আমাদের সজাগ থাকতে হবে। যে কোনো মূল্যে এই অপশক্তিকে মোকাবেলা করতে হবে।

তিনি বলেন, যারা মুজিবনগর দিবস মানেনা, মুজিবনগর দিবস পালন করেনা তারা মুক্তিযুদ্ধের শক্তির পক্ষে নয়। তারা স্বাধীনতার শক্তির পক্ষের দাবী করে, বিএনপিরা জামায়াতীদের সাথে আঁতাত করে, ধর্ম নিয়ে যারা রাজনীতি করে বিএনপি তাদের সাথেই হাত মেলায়। তাদের এই দ্বিচারিতা, তাদের এই অপরাজনীতি বাংলাদেশের মানুষের কাছে পরিস্কার হয়ে গেছে। তারা প্রতিদিন অপপ্রচর দেশের স্বাধীনতা ও সাবভৌমত্বের প্রতি যাদের শ্রদ্ধাবোধ নেই এই অপশক্তিকে যে কোনো মুল্যে মুক্তিযুদ্ধের চেতনার সকল শক্তিকে ঐক্যবদ্ধ হয়ে মোকাবেল করতে হবে।যোগ দেন দেশের বিভিন্ন স্থান থেকে আসা আওয়ামী লীগের নেতৃবৃন্দ, বিভিন্ন জেলার এমপিসহ কেন্দীয় ও স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

নেইমার-এমবাপ্পের গোলে শিরোপার আরও কাছে পিএসজি

লিগ টেবিলের শীর্ষ দুই দলের লড়াইয়ে ম্যাচজুড়ে আক্রমণে আধিপত্য দেখাল পিএসজি। গোলের দেখা পেলেন নেইমার ও কিলিয়ান এমবাপ্পে। মার্সেইকে হারিয়ে শিরোপা পুনরুদ্ধারের পথে আরেক ধাপ এগিয়ে গেল মাওরিসিও পচেত্তিনোর দল।

ঘরের মাঠে রোববার রাতে লিগ ওয়ানের ম্যাচটি ২-১ গোলে জিতেছে পিএসজি। আবারও তারা এগিয়ে গেছে ১৫ পয়েন্টে, বাকি আর ছয় রাউন্ড। গত দুই রাউন্ডে গোল উৎসব করে ক্লেহমোঁকে ৬-১ ও লরিয়েঁকে ৫-১ ব্যবধানে হারিয়েছিল প্যারিসের দলটি।

১২তম মিনিটে প্রথম ভালো আক্রমণ থেকে এগিয়ে যায় পিএসজি। মাঝমাঠের কাছাকাছি থেকে মার্কো ভেরাত্তির লম্বা করে বাড়ানো বল ডি-বক্সে প্রথম স্পর্শে চিপ শটে জালে পাঠান নেইমার। এ নিয়ে সবশেষ তিন ম্যাচে ব্রাজিলিয়ান তারকার গোল এখন ৬টি। ক্লেহমোঁর বিপক্ষে হ্যাটট্রিকের আগে লরিয়েঁর বিপক্ষে করেছিলেন টি।

১৮তম মিনিটে দানিলো পেরেইরার থ্রু বল ধরে ওয়ান-অন-ওয়ানে বাইরে মারেন এমবাপ্পে। যদিও অফসাইডের বাঁশি বাজান রেফারি। একটু পর ডি-বক্সের সামনে থেকে লিওনেল মেসির ফ্রি-কিক উড়ে যায় ক্রসবারের ওপর দিয়ে। ৩১তম মিনিটে সমতায় ফেরে মার্সেই। কর্নার সামনে ঝাঁপিয়ে পাঞ্চ করার চেষ্টায় ক্লিয়ার করতে পারেননি জানলুইজি দোন্নারুম্মা। জটলার মধ্যে বল ক্লিয়ার করতে পারেননি পিএসজির ডিফেন্ডাররাও। কাছ থেকে জালে পাঠান ক্রোয়াট ডিফেন্ডার কালেতা কার।

খেলার ৩৩তম মিনিটে ২৫ গজ দূর থেকে নেইমারের বুলেট গতির ফ্রিকিক ঝাঁপিয়ে কর্নারের বিনিময়ে রক্ষা করেন মার্সেই গোলরক্ষক। একটু পর ডিবক্সে নেইমারের পাসে এমবাপ্পের ভলি লক্ষ্যে থাকেনি। ৪১তম মিনিটে মেসি জালে বল পাঠালেও গোল মেলেনি। তাকে পাস দেওয়া নুনো মেন্দেস আক্রমণের শুরুতে অফসাইডে ছিলেন।

প্রথমার্ধের শেষ দিকে নেইমারের শট ডিবক্সে প্রতিপক্ষ ডিফেন্ডারের হাতে লাগলে পেনাল্টির জোরাল আবেদন করেন পিএসজি খেলোয়াড়রা, কিন্তু তখন রেফারির সাড়া মেলেনি। পরক্ষণে মেসি আবার জালে বল পাঠালেও অফসাইডের পতাকা তোলেন লাইন্সম্যান। এর পর ভিএআরের সাহায্যে আগের ঘটনার জন্য পেনাল্টির বাঁশি বাজান রেফারি। সফল স্পটকিকে দলকে আবার এগিয়ে নেন এমবাপ্পে।

চলতি লিগ ওয়ানের সর্বোচ্চ গোলদাতা এই বিশ্বকাপজয়ী তারকার ২৯ ম্যাচে গোল হলো ২১টি। এমবাপ্পেও এই নিয়ে সবশেষ তিন ম্যাচে গোলের দেখা পেলেন ৬ বার। নেইমারের মতোই ক্লেহমোঁর বিপক্ষে হ্যাটট্রিকের আগে লরিয়েঁর বিপক্ষে করেছিলেন দুটি।

দ্বিতীয়ার্ধে পরিষ্কার সুযোগ তৈরি করতে পারছিল না কেউ। ৭৩তম

মিনিটে মাঝমাঠ থেকে মেসির পাস ধরে বক্সে ঢুকে পড়েন এমবাপ্পে। তবে প্রতিপক্ষ ডিফেন্ডারের ট্যাকলে শট নিতে পারেননি তিনি। একটু পর মেসির আরেকটি পাসে এমবাপে জালে বল পাঠালেও অফসাইডের বাঁশি বাজান রেফারি। নির্ধারিত সময়ের পাঁচ মিনিট বাকি থাকতে দিমিত্রি পায়েতের ফ্রি-কিকে কাছ থেকে জালে বল পাঠিয়ে উদযাপন শুরু করে দেন মার্সেইয়ের উইলিয়াম সালিবা। তবে ভিএআরের সাহায্যে অফসাইডের বাঁশি বাজান রেফারি।

৩২ ম্যাচে ২৩ জয় ও ৫ ড্রয়ে পিএসজির পয়েন্ট এখন ৭৪। সমান ম্যাচে ৫৯ পয়েন্ট নিয়ে দুইয়ে মার্সেই। তিন নম্বরে রেনের পয়েন্ট ৫৬। নিজেদের পরের ম্যাচে আগামী বুধবার অঁজির বিপক্ষে খেলবে পিএসজি। ওই ম্যাচে জিতলেই দশম লিগ শিরোপা নিশ্চিত হয়ে যেতে পারে তাদের। একই দিন নঁতের মুখোমুখি হবে মার্সেই।